Consumer and Worker Protection

**আমরা 24/7 পরিষেবা প্রদান করি।**

**অনলাইনে যান:**

**nyc.gov/BusinessToolbox** দেখুন। অনলাইনে আপনার লাইসেন্স আবেদন জমা দেওয়ার জন্য নির্দেশাবলী এর জন্য আবেদন করুন ক্লিক করুন।

অথবা

**QR কোড স্ক্যান করুন:**

# খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্স আবেদনের চেকলিস্ট

**আপনার ব্যবসা ফার্মেসী হলে বা ফার্মেসী এর অন্তর্ভুক্ত হলে, এই আবেদনটি জমা করবেন না।**

ফার্মেসী এবং ব্যবসা যাদের ফার্মেসী অন্তর্ভুক্ত আছে NYC আইন তাদেরকে খুচরো ইলেকট্রনিক সিগারেট ডিলার লাইসেন্স সংগ্রহ করতে নিষেধ করে।

*****গুরুত্বপূর্ণ: কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপ (Community District Caps)*****

খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্সের জন্য কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপ 26শে এপ্রিল, 2018 তারিখ থেকে কার্যকর হয়েছে। প্রতিটি কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপ এবং সক্রিয় লাইসেন্সের সংখ্যা জানতে, NYC উন্মুক্ত তথ্য (Open Data) ওয়েবসাইট opendata.cityofnewyork.us - দেখুন এবং “ইলেকট্রনিক সিগারেট ডিলার (electronic cigarette dealer)” লিখে খুঁজুন।

**আপনি এই আবেদনটি জমা দিতে পারবেন যদি শুধুমাত্র:**
*(* এবং † এর জন্য পৃষ্ঠা 2-তে কী দেখুন।)*

- আপনার কমিউনিটি ডিস্ট্রিক্টে লাইসেন্স উপলব্ধ থাকে। *
- খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্সসহ একটি ব্যবসা বিক্রি হয়ে যায়, কোন ব্যক্তি কর্পোরেশনটির 10% বা তার বেশি শেয়ার অধিগ্রহণ করে, অথবা পার্টনারশিপে পরিবর্তন ঘটে। আপনি (নতুন ব্যবসা) একই স্থানে একটি নতুন লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন যতক্ষণ না ঠিকানায় "ভালো অবস্থানে" একটি বর্তমান, সক্রিয় লাইসেন্স থাকে এবং *আপনি বিক্রয় বা পরিবর্তনের 30 দিনের মধ্যে একটি নতুন লাইসেন্সের জন্য আবেদন করেন।* †
- আপনার ব্যবসা নির্দিষ্ট বিমানবন্দর বা পার্কে অবস্থিত যেগুলি কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপগুলির অধীন নয়। †

NYC Consumer and Worker Protection

- আপনার নিউজস্ট্যান্ড অবস্থানে আপনার একটি সক্রিয় খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্স আছে এবং একই ব্যবসার নামে উভয় লাইসেন্স রাখতে চান। †
- আপনার কাছে একটি নিউজস্ট্যান্ড লাইসেন্স রয়েছে যা পূর্বের লাইসেন্সধারীর মৃত্যু বা অক্ষমতার পরে স্থানান্তরিত হয়েছিল এবং আপনি আপনার নামে অবস্থানের খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্স রাখতে চান। বিদ্যমান খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্সটি অবশ্যই ভালো অবস্থায় থাকতে হবে। †

| Key: | |
|---|---|
| * | যখন লাইসেন্স উপলব্ধ থাকে, তখন DCWP একটি লটারি পরিচালনা করবে। লটারির জন্য আবেদন করার প্রক্রিয়া সহ তথ্যের জন্য nyc.gov/dcwp দেখুন। |
| † | আপনি যদি ক্যাপের এই ব্যতিক্রমগুলির মধ্যে একটি পূরণ করেন, তাহলে আপনাকে অবশ্যই ইলেকট্রনিক সিগারেটের খুচরা ডিলার ক্যাপ ব্যতিক্রম শংসায়ন এবং সমর্থনকারী নথি জমা দিতে হবে। আরও তথ্যের জন্য প্রয়োজনীয়তা বিভাগটি দেখুন। |

***দ্রষ্টব্য:* DCWP কোনও আবাসিক স্থানে কাজ করার জন্য লাইসেন্স প্রদান করবে না।**

কমিউনিটি ডিস্ট্রিক্ট ক্যাপ সম্পর্কে আপডেট পেতে nyc.gov/dcwp–এ নজর রাখুন।

## কাদের খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্স থাকতে হবে?

নিউ ইয়র্ক সিটিতে ইলেকট্রনিক সিগারেট বিক্রি করতে গেলে আপনার অবশ্যই একটি খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্স থাকতে হবে।

ইলেকট্রনিক সিগারেট একটি ব্যাটারিচালিত যন্ত্র, যা তরল, জেল, ভেষজ বা অন্যান্য পদার্থ (যাতে নিকোটিন থাকুক বা না থাকুক) গরম করে বাষ্প তৈরি করে, যা শ্বাসের মাধ্যমে গ্রহণ করা হয়। যেকোনো উপাদান, যেমন কার্তুজ বা রিফিল, একটি ইলেকট্রনিক সিগারেট হিসাবে বিবেচিত হয়।

এই বর্ণনাটি হল কাদের অবশ্যই খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলার লাইসেন্স থাকতে হবে তার একটি সাধারণ বর্ণনা।

## লাইসেন্স আবশ্যকতা

**আপনি যদি প্রয়োজনীয় নথি এবং তথ্য প্রদান করতে ব্যর্থ হন তবে গ্রাহক ও শ্রমিক সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) আপনার আবেদন প্রত্যাখ্যান করবে:**

- ☐ **সাধারণ লাইসেন্সের আবেদন**
- ☐ **সেলস ট্যাক্স পরিচয়পত্র নম্বর অথবা অ্যাপ্লিকেশন কনফার্মেশন নম্বর**
  সেলস ট্যাক্স সংগ্রহের জন্য কর্তৃপক্ষের সার্টিফিকেটের জন্য আবেদন করতে, www.businessexpress.ny.gov দেখুন।

NYC Consumer and Worker Protection

☐ **ইলেকট্রনিক সিগারেটের খুচরা ডিলার ক্যাপ এক্সেপশন সার্টিফিকেশন (Electronic Cigarette Retail Dealer Cap Exception Certification) এবং সহায়ক নথিভুক্তিকরণ, প্রযোজ্য হলে**
প্রাসঙ্গিক ব্যতিক্রমের জন্য প্রয়োজনীয় সহায়ক নথিপত্রের তালিকা আবেদনপত্রটিতে দেওয়া আছে। আপনি সহায়ক নথিপত্র onlineappsdocs@dcwp.nyc.gov–তে ইমেল করতে পারেন।

*দ্রষ্টব্য:* আপনি যদি লটারির জন্য আবেদন করেন এবং আবেদন করার প্রস্তাব পান , তাহলে আপনাকে এই ফর্মটি জমা দেওয়ার দরকার নেই।

☐ **নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্স ভেপার প্রোডাক্টস ডিলার সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন (New York State Department of Taxation and Finance Vapor Products Dealer Certificate of Registration)**
ভেপার প্রোডাক্টস ডিলার সার্টিফিকেট অফ রেজিস্ট্রেশন সম্পর্কে আরও তথ্যের জন্য, www.tax.ny.gov/bus/vpt দেখুন।

☐ **ব্যবসায়িক ঠিকানার প্রমাণ**
নিম্নলিখিত নথিগুলির একটির একটি প্রতিলিপি ব্যবসার নামে অথবা লাইসেন্সের আবেদনে তালিকাভুক্ত ব্যক্তির নামে জমা দিন:

- গত 90 দিনের মধ্যে পাওয়া উইটিলিটি বিল (অর্থাৎ, টেলিফোন, গ্যাস, ইলেক্ট্রিক, কেবিল, অথবা জল) অথবা
- বর্তমান পাট্টা বা দলিল অথবা
- বর্তমান ভাড়া বা বন্ধকের বিল অথবা
- বিমার নথি বা বিমার বিল যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে অথবা
- কোন সরকারি সংস্থার থেকে করেসপন্ডেন্স যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে অথবা
- একটি সিটি/স্টেট/ফেডেরাল সরকারি সংস্থা প্রদত্ত বর্তমান (সক্রিয়) লাইসেন্স বা পারমিট বা সার্টিফিকেট যাতে আপনার ব্যবসার ঠিকানা রয়েছে অথবা
- গত 90 দিনের মধ্যে তারিখযুক্ত ব্যাংক বা ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট
  **অনুগ্রহ করে অ্যাকাউন্টের তথ্য সংশোধন করুন।**

NYC Consumer and Worker Protection

☐ **বাড়ির ঠিকানার প্রমাণ**
লাইসেন্সের আবেদনে তালিকাভুক্ত প্রত্যেক ব্যক্তিকে অবশ্যই ব্যক্তির নামে নিম্নলিখিত নথিগুলির একটির একটি অনুলিপি প্রদান করতে হবে:

- গত 90 দিনের মধ্যে পাওয়া উইটিলিটি বিল (অর্থাৎ, টেলিফোন, গ্যাস, ইলেক্ট্রিক, কেবিল, অথবা জল) অথবা
- কোন সরকারি সংস্থার থেকে করেসপন্ডেন্স যাতে আপনার বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- বর্তমান পাট্টা বা দলিল অথবা
- বিমার নথি বা বিমার বিল যাতে আপনার বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- একটি সিটি/স্টেট/ফেডেরাল সরকারি সংস্থা প্রদত্ত বর্তমান (সক্রিয়) লাইসেন্স বা পারমিট বা সার্টিফিকেট যাতে আপনার বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- কলেজ বা স্কুল করেসপন্ডেন্স যাতে বাড়ির ঠিকানা রয়েছে অথবা
- বর্তমান ভাড়া বা বন্ধকের বিল অথবা
- ড্রাইভারের লাইসেন্স অথবা
- মিউনিসিপাল ID কার্ড অথবা
- গত 90 দিনের মধ্যে তারিখযুক্ত ব্যাংক বা ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট
  **অনুগ্রহ করে অ্যাকাউন্টের তথ্য সংশোধন করুন।**

*একজন ব্যক্তি যিনি অন্য ব্যক্তির ঠিকানায় থাকেন, তাঁরা দেবেন:*

- পাট্টার মালিক বা বাড়ির মালিকের নামে বাড়ির ঠিকানার একটি প্রমাণ (উপরে দেখুন) এবং
- বাড়ির মালিক বা পাট্টার মালিকের স্বাক্ষরিত চিঠি যাতে উল্লেখ করা থাকবে যে ব্যক্তিটি এই ঠিকানায় থাকেন

☐ **কাজ করার ক্ষমতাপ্রদানের বিবৃতি**
এটি প্রয়োজন যদি লাইসেন্সের আবেদনকারীর বদলে অন্য কেউ এই আবেদনপত্রটি প্রস্তুত করে ও জমা দেয়। আবেদনকারীকে লাইসেন্সের আবেদন এবং সংশ্লিষ্ট সকল আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে।

**Consumer and Worker Protection**

☐ **লাইসেন্সের ফি**

| **লাইসেন্সের সময়সীমা:** 2 বছর | **মেয়াদোত্তীর্ণ হওয়ার তারিখ:** 30শে নভেম্বর | **লাইসেন্সের ফি: সম্পূর্ণ 2 বছরের জন্য $200** | |
|---|---|---|---|
| **আপনি যদি আপনার আবেদন এই তারিখের মধ্যে জমা করেন:** | | **আপনাকে মূল্য দিতে হবে:** | **আপনার লাইসেন্সের মেয়াদ শেষ হবে:** |
| একটি বিজোড় বছরের 1লা থেকে 31শে ডিসেম্বর পর্যন্ত | | $200 | বিজোড় বছরের 30শে নভেম্বর |
| একটি জোড় বছরের 1লা জানুয়ারি থেকে 31শে মে পর্যন্ত | | $200 | বিজোড় বছরের 30শে নভেম্বর |
| একটি জোড় বছরের 1লা জুন থেকে 30শে নভেম্বর পর্যন্ত | | $150 | বিজোড় বছরের 30শে নভেম্বর |
| একটি জোড় বছরের 1লা থেকে 31শে ডিসেম্বর পর্যন্ত | | $200 | জোড় বছরে 30শে নভেম্বর |
| একটি বিজোড় বছরের 1লা জানুয়ারি থেকে 31শে মে পর্যন্ত | | $200 | জোড় বছরে 30শে নভেম্বর |
| একটি বিজোড় বছরের 1লা জুন থেকে 30শে নভেম্বর পর্যন্ত | | $150 | জোড় বছরে 30শে নভেম্বর |

অর্থ প্রদানের মাধ্যম:

☐ ক্রেডিট কার্ড (Visa, MasterCard, American Express, Discover Card only)
*(অনলাইনে অথবা সশরীরে)*
আপনার কাছ থেকেএকটি 2% সুবিধা ফি নেওয়া হবে, যা ফেরতযোগ্য নয়।

☐ ইচেক *(অনলাইন)*

☐ DCWP-কে প্রদেয় চেক বা মানি অর্ডার *(সশরীরে গিয়ে অথবা ডাকযোগে)*

## ব্যবসায়িক সার্টিফিকেট (Business Certificate)-এর সম্পর্কে গুরুত্বপূর্ণ বার্তা

আপনার ব্যবসার আইনি কাঠামো অনুযায়ী আপনার প্রযোজ্য ব্যবসায়িক সার্টিফিকেট অবশ্যই থাকতে হবে। আপনার আবেদন প্রক্রিয়াকরণের জন্য যদিও DCWP-এর কাছে আপনার ব্যবসায়িক সার্টিফিকেট জমা দেওয়ার দরকার নেই, DCWP নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক বিধি (Administrative Code)-র 20-104 ধারা অনুসারে এই নথির জন্য অনুরোধ করতে পারে।

আপনার নিজের ছাড়া অন্যান্য একক মালিক যাঁরা একটি নামের অধীনে কার্য পরিচালনা করছেন তাঁদের অবশ্যই একটি ব্যবসায়িক/গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

আপনার ব্যবসার ক্ষেত্রে, পার্টনারশিপের জন্য একটি পার্টনারশিপ সার্টিফিকেট থাকতে হবে এবং, প্রযোজ্য হলে, গৃহীত নামের সার্টিফিকেট থাকতে হবে।

কর্পোরেশন, লিমিটেড পার্টনারশিপ, লিমিটেড লায়াবিলিটি কোম্পানি, অথবা লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপকে অবশ্যই নিউ ইয়র্ক স্টেট কর্পোরেশন বিভাগ (Division of Corporations)-এর কাছে রেজিস্টার করতে হবে এবং সক্রিয় থাকতে হবে। আপনার অবস্থান www.dos.ny.gov/corps–এ দেখতে পারেন।

## আপনার যে অতিরিক্ত সিটি বা স্টেট পারমিট/লাইসেন্স/ক্লিয়ারেন্স প্রয়োজন হতে পারে

সরাসরি ভোক্তার কাছে সিগারেট এবং অন্যান্য তামাকজাতীয় পণ্য, যেমন সিগার, চেবানো যায় এমন তামাক, পাইপের তামাক, নিজে নিজে রোল করা যায় এমন তামাক, খৈনি, বিড়ি, নস্যি, হুঁকো, অথবা দ্রাব্য তামাকজাতীয় দ্রব্য বিক্রি করতে আপনার অবশ্যই একটি খুচরো *তামাকের ডিলার* লাইসেন্স থাকতে হবে।

## প্রশ্ন? আমরা সাহায্য করতে এখানে আছি!

- **ইমেইল:** TobaccoUnit@dcwp.nyc.gov
- **ফোন:** (212) 436-0406 (সোমবার – শুক্রবার, সকাল 8টা – বিকেল 4টে)

ওই স্থানে বিনামূল্যে ব্যাখ্যার পরিষেবা উপলব্ধ রয়েছে। প্রতিবন্ধীতা-সম্পর্কিত বিশেষ ব্যবস্থার অনুরোধ করতে, nyc.gov/dcwp দেখুন এবং "বিশেষ ব্যবস্থা" অনুসন্ধান করুন অথবা DCWP-এর আমেরিকানস উইথ ডিজঅ্যাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) কোঅর্ডিনেটরকে DCWPADACoordinator@dcwp.nyc.gov-এ ইমেল করুন।

## খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলাররা জন্য অতিরিক্ত সংস্থানসমূহ

- আপনার ব্যবসাকে প্রভাবিত করতে পারে এমন আইন এবং নিয়মাবলী দেখার জন্য **nyc.gov/BusinessToolbox** দেখুন।
- **পরিদর্শনের চেকলিস্টের জন্য: খুচরো ইলেকট্রনিক সিগারেটের ডিলাররা, nyc.gov/BusinessToolbox** দেখুন।
- আপনার ব্যবসা খোলা, চালানো, এবং বাড়ানোয় সহায়তাকারী সংস্থানগুলির জন্য **nyc.gov/business** দেখুন।